

তারিখ: ১৮ জুন, ২০২৬

স্মারক নং: রিহাব/অপাডি: ০০৭/সদস্য/২০২৬/১৫০৩৮

বরাবর

সকল সম্মানিত সদস্য প্রতিষ্ঠান

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)

বিষয়: রিহাব-এর অনুমোদনহীন 'রিয়েল এস্টেট এক্সপো ২০২৬' বা যেকোনো মেলায় অংশগ্রহণ করা থেকে বিরত থাকার বিষয়ে অবহিতকরণ।

সম্মানিত সদস্য,

আসসালামু আলাইকুম ওয়া রাহ্মাতুল্লাহ।

রিহাবের পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন। আপনারা অবগত আছেন যে, রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব) দেশের আবাসন খাতের একমাত্র রাষ্ট্রীয় স্বীকৃতিপ্রাপ্ত ও প্রতিনিধিত্বকারী শীর্ষ সংগঠন। সদস্য প্রতিষ্ঠানসমূহের সামগ্রিক স্বার্থ রক্ষা, ক্রেতা-বিক্রেতার নিরাপত্তা নিশ্চিতকরণ এবং আবাসন শিল্পের সুস্থ পরিবেশ বজায় রাখতে রিহাব সর্বদা বদ্ধপরিকর।

সম্প্রতি আমাদের গোচরীভূত হয়েছে যে, 'গ্লোভ্যাপ গ্রুপ' নামক একটি বেসরকারি প্রতিষ্ঠান আগামী ০২-০৪ জুলাই, ২০২৬ তারিখে আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরা (ICCB), ঢাকায় 'রিয়েল এস্টেট এক্সপো ২০২৬' (Real Estate Expo ২০২৬) নামক একটি মেলার আয়োজন করতে যাচ্ছে। অত্যন্ত উদ্বেগের বিষয় এই যে, উক্ত মেলা আয়োজনের ক্ষেত্রে আয়োজক কর্তৃপক্ষ রিহাব-কে প্রাতিষ্ঠানিকভাবে কোনো প্রকার অবহিত করেনি এবং সংগঠনের কোনো অনুমোদন বা অনাপত্তিও গ্রহণ করা হয়নি।

রিহাব-এর প্রচলিত নিয়মনীতি ও কার্যপ্রণালী অনুযায়ী, রিহাব-এর অনুমোদন বা প্রাতিষ্ঠানিক সমন্বয় ব্যতিরেকে আবাসন খাত সংশ্লিষ্ট কোনো মেলা বা প্রদর্শনী আয়োজন করা দেশের আবাসন শিল্পের সামগ্রিক শৃঙ্খলার পরিপন্থী। এ ধরনের অননুমোদিত মেলায় অংশগ্রহণ করলে সম্মানিত সদস্য প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন আইনি, বাণিজ্যিক ও সাংগঠনিক জটিলতার সম্মুখীন হতে পারেন, যা সংগঠনের সামগ্রিক ভাবমূর্তি ক্ষুণ্ণ হবে।

এমতাবস্থায়, আবাসন শিল্পের বৃহত্তর ঐক্য ও শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে রিহাব-এর সকল সম্মানিত সদস্য প্রতিষ্ঠানকে আগামী ০২-০৪ জুলাই, ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য গ্লোভ্যাপ গ্রুপের উক্ত 'রিয়েল এস্টেট এক্সপো ২০২৬'-সহ রিহাব-এর অনুমোদনহীন এ জাতীয় যেকোনো মেলা বা প্রদর্শনীতে স্টল বরাদ্দ, স্পন্সরশীপ বা যেকোনো প্রকার অংশগ্রহণ করা থেকে সম্পূর্ণ বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, আগামী ১২-১৫ আগস্ট ২০২৬ তারিখে রিহাবের উদ্যোগে ৪ দিন ব্যাপি "রিহাব সামার ফেয়ার ২০২৬" অনুষ্ঠিত হতে যাচ্ছে (যা ইতোমধ্যে সকল রিহাব সদস্য প্রতিষ্ঠান কে অবহিত করা হয়েছে)। এই আয়োজনে রিহাব সদস্য প্রতিষ্ঠানের আন্তরিক অংশগ্রহণ আবাসন খাতকে আরো সমৃদ্ধ করবে।

এমতাবস্থায়, রিহাব-এর অনুমোদনহীন 'রিয়েল এস্টেট এক্সপো ২০২৬' বা যেকোনো মেলায় অংশগ্রহণ করা থেকে বিরত থাকার জন্য রিহাব সদস্য প্রতিষ্ঠানসমূহে আহ্বান করা যাচ্ছে। সংগঠনের নিয়মাবলী সম্মুখত রাখতে এবং আবাসন খাতের অভিভাবক হিসেবে রিহাব-এর হাতকে শক্তিশালী করতে আপনাদের সর্বাঙ্গিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

(স্বাক্ষর রাজ্জাক)  
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১. প্রেসিডেন্ট, রিহাব
২. সকল ভাইস প্রেসিডেন্ট, রিহাব
৩. সকল পরিচালক, রিহাব
৫. অফিস কপি



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. Tel : (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org

Chattogram Regional Office : SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram  
E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, Tel : 02334451441, 02334453884, 02334453885